সংবাদ

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা ২০ কলাম ৫

# মুরাদনগরে দাখিল পরীক্ষায় কক্ষ পরিদর্শককে জরিমানা

প্রতিনিধি, মুরাদনগর (কুমিল্লা)

কুমিল্লার মুরাদনগর উপজেলার বাখরনগর হাশেমিয়া ইসলামিয়া সিনিয়র মাদরাসার দাখিল পরীক্ষা কেন্দ্রের কক্ষ পরিদর্শককে ৩০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনসুর উদ্দিন সোমবার দুপুরে এ রায় প্রদান করেন।

জানা যায়, গত সোমবার কোরআন পরীক্ষা চলাকালে কুলুবাড়ি আদর্শ মহিলা দাখিল মাদরাসার সহকারী শিক্ষক (আরবী) তাজুল ইসলাম ৪ নম্বর কক্ষে পরিদর্শকের দায়িত্বে ছিলেন। ওই কক্ষ ডিঙিয়ে তিনি পার্শ্ববর্তী ৩ নম্বর কক্ষে গিয়ে ছাত্রীদের উত্তর বলে দেওয়ার বিষয়টি ভ্রাম্যমাণ আদালতের নিকট ধরা পড়ে। তখন তাকে হাতেনাতে ধরলে সে ঘটনার সত্যতা স্বীকার করে মাপ করে দেয়ার অনুরোধ জানায়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযুক্ত তাজুল ইসলামকে নগদ ৩০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে। এ সময় তিনি নগদ ৩০ হাজার টাকা জরিমানা পরিশোধ করে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড থেকে রক্ষা পান। দণ্ডপ্রাপ্ত তাজুল ইসলাম উপজেলার সোনাপুর গ্রামের প্রয়াত শরাফত আলীর পুত্র।

এ ব্যাপারে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনসুর উদ্দিন জানান, পাবলিক পরীক্ষা সব (অপরাধ) আইন ১৯৮০ এর ১১ ধারা মোতাবেক কুলুবাড়ি আদর্শ মহিলা দাখিল মাদরাসার সহকারী শিক্ষক তাজুল ইসলামকে ৩০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়।